গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, রোড # ১, ব্লক # এ, মিরপুর-১১, ঢাকা-১২১৬
website: www.vatdhakawest.gov.bd

নথি নং-২-২(৩৫৮)জনপ্রশাঃ/ব্যক্তিগত/২০১৮/ ১০১৪ তারিখঃ ১২.০৬.২০২৪ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু, জনাব আসিফ আলম (জন্ম তারিখঃ ১০.০৬.১৯৯৭ খ্রিঃ), অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা; সংযুক্তিতেঃ ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা গত ১৮.১১.২০১৯ খ্রিঃ তারিখ হতে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এবং একই বিধিমালার বিধি ৩(গ) অনুযায়ী "পলায়ন (Desertion)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর ০১.১০.২০২৩ খ্রিঃ তারিখের ২-২(৩৫৮)জনপ্রশাঃ/ব্যক্তিগত/২০১৮/৪৫৫৬ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়; এবং

০২। যেহেতু, উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী "পলায়ন (Desertion)" এর অভিযোগে অভিযুক্ত করে উক্ত বিধিমালার বিধি (৪) মোতাবেক কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ সম্বলিত লিখিত জবাব ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রদানের জন্য কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর ০১.১০.২০২৩ খ্রিঃ তারিখের ২-২(৩৫৮)জনপ্রশাঃ/ব্যক্তিগত/২০১৮/৪৫৫৬ নং স্মারকের মাধ্যমে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে ও বাহক মারফত প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানীর জন্য আগ্রহ প্রকাশ করেননি। পরবর্তীতে উক্ত বিভাগীয় মামলার বিষয়ে জনাব মোঃ আব্দুল হালিম, রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনা করে প্রাপ্ত দলিলাদির বিশ্লেষণে জনাব আসিফ আলম গত ১৮.১১.২০১৯ খ্রিঃ তারিখ হতে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগটি প্রমাণিত হয়েছে। উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এবং একই বিধিমালার বিধি ৩(গ) অনুযায়ী "পলায়ন (Desertion)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে তার বিরুদ্ধে গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে গত ২৪.০১.২০২৪ খ্রিঃ তারিখের স্মারক নং ২-২(৩৫৮)জনপ্রশাঃ/ব্যক্তিগত/২০১৮/৪৯০ এর মাধ্যমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ অভিযুক্ত কর্মচারীর স্থায়ী ঠিকানা বরাবর যথাযথ পদ্ধতিতে প্রেরণ করা হলেও গত ০৫.০২.২০২৪ খ্রিঃ তারিখে খামের উপর লিখিত মন্তব্য "প্রাপক সর্বদা অনুপস্থিত থাকায় বিলি করা গেল না, তাই ফেরত" সহ ডাক বিভাগ হতে ফেরত আসে। পরবর্তীতে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশটি ২টি জাতীয় দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজি) প্রচার করা হয়;

০৪। যেহেতু, উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও জনাব আসিফ আলম কোন জবাব দাখিল করেননি এবং গত ১৮.০৪.২০২৪ খ্রিঃ তারিখ এবং ১৬.০৫.২০২৪ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানীতে উপস্থিত না হওয়ায় তদন্ত প্রতিবেদনসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে বিগত ০৩.০৬.২০২৪ খ্রিঃ তারিখে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) বিধি অনুযায়ী "চাকরি হতে অপসারণ" গুরুদন্ড প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয়;

চলমান পাতা-১/২

০৫। সেহেতু, জনাব আসিফ আলম (জন্ম তারিখঃ ১০.০৬.১৯৯৭ খ্রিঃ), অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা; সংযুক্তিতেঃ ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এবং একই বিধিমালার বিধি ৩(গ) অনুযায়ী "পলায়ন (Desertion)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(গ) বিধিমতে গুরুদন্ড হিসাবে তাকে পলায়নের তারিখ অর্থাৎ ১৮.১১.২০১৯ খ্রিঃ তারিখ থেকে "চাকরি হতে অপসারণ" করা হলো এবং তার বিরুদ্ধে এই বিভাগীয় মামলা সংক্রান্ত সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

০৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৬/০৬/২০২৪

আবুল বাসার মোঃ শফিকুর রহমান
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোনঃ ০২-৪৮০৩৭৯৬৭
ই-মেইলঃ dhakawestcom@gmail.com

নথি নং-২-২(৩৫৮)জনপ্রশাঃ/ব্যক্তিগত/২০১৮/ ৬০৩৪(১-২৩) তারিখঃ ১৭.০৬.২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্যঃ

১-৩। যুগ্ম কমিশনার-১/২/৩, সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৫-৭। উপ কমিশনার-১/২/৩, সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
৮-১৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মিরপুর/মোহাম্মদপুর/সাভার/ধামরাই/মানিকগঞ্জ/টাংগাইল/জামালপুর।
১৫। দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-৪), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
১৬। সহকারী প্রোগ্রামার, সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা (আদেশটি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
১৮। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
১৯। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
২০। পিএ টু কমিশনার, প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রকল্প পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। জনাব আসিফ আলম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা; সংযুক্তিতেঃ ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ ১৪৮/বি, খিলগাঁও চৌধুরীপাড়া, খিলগাঁও, ঢাকা)।
২২। নোটিশ বোর্ড।
২৩। অফিস কপি।

১৭/০৬/২৪

রেজাউল করিম
উপ কমিশনার